



যশোর পৌরসভা কার্যালয়  
মুন্সি মেহেরুল্লাহ সড়ক, যশোর  
স্থাপিত : ১৮৬৪ খ্রীঃ ।

Web Site: www.jessorepaurashava.org



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ১৬.০১.০০১.২২৮.২০২৪.

তারিখঃ ২৩/০৪/২০২৪ইং ।

### অগ্রিম ও ভাড়ার ভিত্তিতে দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি

যশোর পৌরসভার মালিকানাধীন এম কে রোড (লালদিঘীর পাড়) সংলগ্ন নির্মিত সুপার মার্কেট “পৌর হেরিটেজ” এ দোকান অগ্রিম ও মাসিক ভাড়ার ভিত্তিতে বরাদ্দ প্রদানের জন্য পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর আওতায় নিম্নে বর্ণিত শর্তে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। দরদাতাগণকে যশোর পৌরসভার হিসাব শাখা হতে আগামী ১২/০৫/২০২৪ ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ৩,০০০/- (তিন হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউল ক্রম করে যথাযথভাবে পূরণ করতঃ ধার্যকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংকের শাখা হতে মেয়র, যশোর পৌরসভার অনুকূলে) দরপত্রের সাথে সংযুক্ত করে ১৩/০৫/২০২৪ ইং তারিখে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে পৌরভবনে অবস্থিত দরপত্র বক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র বাস্তব খোলা হবে।

ক্রমিক নং	তলা	দোকান নং	দোকান সংখ্যা	
১	১ম তলা	১০৮, ১১০, ১১১, ১১৪, ১১৫, ১২৩,	০৬টি	পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর বিধিমতে মেয়র, যশোর পৌরসভা কর্তৃক সংরক্ষিত
	২য় তলা	২১০, ২১৮, ২৩২, ২৩৩, ২৪৪	০৫টি	
২	১ম তলা	১০৫, ১১৭, ১১৮, ১১৯, ১২২	০৫টি	পুরাতন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য সংরক্ষিত
৩	১ম তলা	১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৬, ১০৭, ১১২, ১১৩, ১১৬, ১২০, ১২১, ১২৪	১২টি	সর্ব সাধারণের জন্য
	২য় তলা	২০১, ২০২, ২০৩, ২০৪, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২১১, ২১২, ২১৩, ২১৪, ২১৫, ২১৬, ২১৯, ২২০, ২২১, ২২২, ২২৩, ২২৭, ২২৮, ২২৯, ২৩০, ২৩১, ২৩৪, ২৩৫, ২৩৬, ২৩৭, ২৩৮, ২৩৯, ২৪০, ২৪১	৩২টি	
৪	বরাদ্দের প্রাথমিক মেয়াদ ০৫(পাঁচ) বছর যা নবায়ন যোগ্য।			
৫	আবেদনকৃত দোকানের অগ্রিম সালারী ও মাসিক ভাড়ার পরিমাণ ক্রমকৃত সিডিউলে উল্লেখ থাকবে।			
৬	দোকানের প্রকৃত আয়তন, এককালীন সালারী ও মাসিক ভাড়ার পরিমাণ সিডিউল থেকে জানা যাবে।			

#### শর্তাবলীঃ-

- প্রত্যেক আবেদনকারীকে ৩,০০০/- (তিন হাজার) টাকা মূল্যের নির্ধারিত আবেদনপত্র পৌরসভার হিসাব শাখা হতে গ্রহণ পূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, টিআইএন সার্টিফিকেট(যদি থাকে) সংযুক্ত করতে হবে।
- আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- নির্মিত দোকান বরাদ্দের ক্ষেত্রে আবেদনকারী উক্ত দোকানের জন্য ধার্যকৃত সালারীর ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থ মেয়র, যশোর পৌরসভার অনুকূলে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং অবশিষ্ট টাকা সাময়িক বরাদ্দ পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে, অন্যথায় বরাদ্দ বাতিল হয়েছে বলে গণ্য হবে এবং জমাকৃত সালারীর ১০% (শতকরা দশ ভাগ) পৌরসভা বরাবরে বাজেয়াপ্ত হবে।
- কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য আবেদন করতে পারবে না।
- আবেদন সংখ্যা বরাদ্দযোগ্য দোকান সংখ্যার অধিক হলে উন্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে। লটারী অনুষ্ঠানের স্থানে আবেদনকারী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।
- পৌরসভার সভা কক্ষে আগামী ২৩/০৫/২০২৪ ইং তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় লটারী (প্রযোজ্য ক্ষেত্রে) অনুষ্ঠিত হবে।
- সাময়িক বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোন বরাদ্দ প্রাপক দোকান বরাদ্দ গ্রহণে অপারগতা জানালে উক্ত দোকান তালিকাভুক্ত অবশিষ্ট আবেদনকারীদের মধ্যে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে।
- পূর্বের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য সংরক্ষিত কোটার দোকানের আবেদনপত্রের সাথে পৌরসভার চুক্তিনামাসহ অন্যান্য প্রমানক কাগজপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পূর্বে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা আবেদন পত্র ক্রয় এবং দাখিল না করলে পরবর্তীতে এই কোটা সংরক্ষণ করা হবে না।
- পৌরসভার পূর্ব অনুমতি ব্যতিরেকে বরাদ্দপ্রাপ্ত দোকান অন্য কাহারও নিকট হস্তান্তর করা যাবে না বা ভাড়া দেয়া যাবে না।
- দোকান বরাদ্দ পাওয়ার পর মাসিক নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে এবং যথারীতি ট্রেড লাইসেন্স গ্রহণ ও চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষিত থাকবে।
- বিস্তারিত শর্তাবলি বরাদ্দপত্র/চুক্তিপত্রে উল্লেখ থাকবে, যা বরাদ্দ প্রাপক মেনে চলতে বাধ্য থাকবেন।
- দোকান বরাদ্দ/ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর বিধিমতে পরিচালিত হবে।

(মোঃ হায়দার গনী খান)  
মেয়র  
যশোর পৌরসভা।